REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷৹ টাকা। নগদ মূল্য ৶৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্টু, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মুল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।


১৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৩শে অগ্রহায়ন বুধবার ১৩৩৮ ইংরাজী 9th December 1931 | ২১শ সংখ্যা


# হিলিংবাম

গত ৩৭ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৹
" " ছোট শিশি ১৸৹

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, ক্ষত, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



## গুণে গন্ধে সৌরভসম্পদে

## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

**কলেরায় নিরাপদ হইতে হইলে**

মূল্য আট আনা মাত্র




**কর্পূরারিষ্ট ঘর কায়মা রাখা উচিত।**

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

অকৃত্রিম

**মৃগনাভি।**

তোলা ২৮৲ আটাশ টাকা ডাক মাশুল ও প্যাকিং স্বতন্ত্র।

**সি, মিত্র এণ্ড কোং।**

২৮, লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

টেলিগ্রাম—"মৃগনাভি" কলিকাতা।

পোঃ বক্স ২০৫৬ কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৩শে অগ্রহায়ণ বুধবার ১৩৩৮ সাল।

## পত্রের মাশুল বাড়িল।

১৯৩১ সালের ১৫ই ডিসেম্বর হইতে পোষ্টকার্ডের দাম ৵১৫ তিন পয়সা, জোড়া পোষ্টকার্ডের দাম ⁄১০ পয়সা হইবে। ২।০ তোলার অনধিক ওজনের চিঠির জন্য ⁄৫ পাঁচ পয়সার টিকিট দিতে হইবে, তদতিরিক্ত প্রতি ২।০ তোলার জন্য ⁄৫ পাঁচ পয়সা দিতে হইবে। পোষ্ট কার্ডে টিকিট না দেওয়া থাকিলে ডাকঘরের কর্ত্তৃপক্ষরা তাহা নষ্ট করিয়া ফেলিবেন।

প্রতি টেলিগ্রাফিক মনি অর্ডারে বর্ত্তমানে যাহা লাগে তাহা ছাড়া আরও দুই আনা হিসাবে বেশী দিতে হইবে। বিদেশী টেলিগ্রাফিক মনিঅর্ডারের উপরও ঐ ফি ধার্য্য হইবে।

## ট্রাম ও লরিতে সংঘর্ষ।

প্রকাশ, গত ২৭শে নভেম্বর কলিকাতা চিৎপুর রোডের উপর একখানি ট্রাম ও একখানি লরীর মধ্যে ভীষণ সংঘর্ষ হইয়া গিয়াছে। ফলে লরীখানা উল্‌টাইয়া পড়িয়া যায় এবং চালকের পাশে যে লোকটী বসিয়াছিল সে নাকি গুরুতররূপে আহত হইয়াছে।

## কলিকাতায় গুরু নানক উৎসব।

গত ২৫শে নভেম্বর শিখদের আদি গুরু, গুরু নানকের জন্মোৎসব দিবস কলিকাতার শিখগণ কর্ত্তৃক মহাসমারোহে প্রতিপালিত হইয়াছে। বড়বাজারে শিখ সঙ্গতে এই উপলক্ষে সমস্ত দিন উৎসব হয় এবং গ্রন্থ সাহেবের পূজা ভজন, প্রসাদ বিতরণ প্রভৃতি চলে। সঙ্গতে শিখগণ ব্যতীত বহু হিন্দুও উৎসবে যোগদান করেন।

## হত্যাকাণ্ডে ৭ বৎসর।

গত ২৩শে জুলাই তারিখে চুঁচুড়া-শ্রীরামপুরের একটী চায়ের দোকানে আবদুল রহিম দেখে যে, আজিজ তাহার ভাইয়ের সহিত ঝগড়া করিতেছে। আবদুল রহিম তাহার ভাইয়ের পক্ষ লইয়া আজিজের বুকে ছোরা মারে; ফলে আজিজ হাসপাতালে মৃত্যুমুখে পতিত হয়। চুঁচুড়ার দায়রা জজের আদালতে আবদুল রহিমের বিচার হইয়া গিয়াছে। বিচারক আবদুল রহিমকে ৭ বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

## বিবাহিতা বালিকা হরণের জের।

এক বিবাহিতা বালিকাকে তাহার স্বামীর আশ্রয় হইতে ফুসলাইয়া বাহির করিয়া লইয়া যাইবার অপরাধে দণ্ডবিধির ৪৯৮ ধারা অনুসারে আসাম-শিলচরের নরেন্দ্র নাথ দাস নামক এক ব্যক্তির প্রতি ২০০৲ টাকা জরিমানার আদেশ হইয়াছে। উক্ত টাকা অনাদায়ে অপরাধীকে ৬ মাস সশ্রম কারাদণ্ড ভোগ করিতে হইবে। উক্ত বালিকা স্থানীয় দুইজন ইউরোপীয় ভদ্রলোককেও এই ঘটনায় জড়াইয়াছে। বিষয়টী সাধারণের মধ্যে খুব চাঞ্চল্যের সৃষ্টি করিয়াছে।

## নূতন ডি, এস, সি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্য্যকরী পরিষদ ঢাকা ইণ্টারমিডিয়েট কলেজের রসায়নশাস্ত্রের লেক্‌চারার শ্রীযুক্ত নির্ম্মল কুমার সেনকে ডি, এস-সি উপাধি প্রদান করিয়াছেন। তাঁহার গবেষণার বিষয় ছিল "পাট বীজের রাসায়নিক উপাদান।" সুইজারল্যাণ্ডের ডাঃ ওয়েষ্টার্ল, বার্লিনের ডাঃ টমাস এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডাঃ পি, সি, মিত্র তাঁহার গবেষণা-পত্র পরীক্ষা করিয়াছিলেন।

## মহিলা মাজিষ্টর।

বোম্বাই গবর্ণমেণ্টের গত ২৬শে নভেম্বরের গেজেটে প্রকাশিত হইয়াছে যে, বোম্বাই সহর এবং সমগ্র বোম্বাইর মধ্যে ১৫ জন মহিলা অনারারি প্রেসিডেন্সী মাজিষ্টররূপে নিযুক্ত হইয়াছেন। উক্ত ১৫ জন মহিলা মাজিষ্টরের নাম—মিসেস্ সি, ব্যাপটিষ্টা, মিস্ জৈনমা এফ, এম, চিনর, মিস্ নাভাজ বাঈ ডি, কণ্ট্রাক্টর, মিসেস্ এম, এইচ, দেশদস্তী, মিসেস্ সিসিলিয়া ডি, মণ্ট, মিস্ ধুন দেশাই, মিস্ ভিকাভাইজী এ, ইঞ্জিনীয়ার, মিস্ ইভিলিন সি, গেজ, মিসেস্ ডবলিউ, এফ, হডসন, সার আর্ণেষ্ট জ্যাক্‌সনের স্ত্রী লেডি জ্যাক্‌সন, মিসেস্ ভাবরাবাঈ মাদ্‌গাবকা, মিস্ কাশীভাই নাবভ্রাঙ্গী, মিসেস্ মার্টল নোরোনা, মিসেস্ তারাবাঈ মানেকলাল প্রেমচাঁদ এবং মিসেস খাদিজা সফি টি, তায়েবজী।

## হিন্দু-মুসলমানে বিবাহ।

কোলাপুরের দেওয়ানের ভ্রাতা লেপ্‌টনাণ্ট সুরো, নাজিমুন্নেছা নাম্নী এক মুসলমান মহিলাকে বিবাহ করিয়াছেন। লেপটনাণ্ট সুরো পদাতিক সৈন্যদলে কাজ করেন।

## বাঙ্গালীর কৃতিত্ব।

নিখিল ভারত প্রবন্ধ প্রতিযোগিতায় জগন্নাথ কলেজের মেধাবী ছাত্র, অধুনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শ্রীমান্ অবনীমোহন কুশারী লর্ড আরউইন স্বর্ণপদক পুরস্কার পাইয়াছেন। তাঁহার প্রবন্ধের বিষয় ছিল বাঙ্গালার শিক্ষিত সমাজ ও বেকার সমস্যা। ভারতের সমস্ত বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ এই প্রতিযোগিতায় অগ্রসর হইয়াছিলেন।

## খুলনা জেলায় বিজলী-বাতি।

রায় সাহেব বিনোদবিহারী সাধু তাঁহার জন্মভূমি খুলনা জেলার কপিলমণি গ্রামে একটী উচ্চ ইংরাজী বিদ্যালয় স্থাপন ও তৎসংলগ্ন একটী টেক্‌নিক্যাল স্কুল স্থাপন করিয়াছেন। সেই টেক্‌নিক্যাল স্কুলে ইলেট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং, কার্পেণ্টারী এবং উইভিং ইত্যাদি শিক্ষা দেওয়া হইবে। ইলেক্‌ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শিক্ষা দিবার জন্য যে মোটর ডায়নামো বসান হইয়াছে তাহা হইতে কপিলমণির রাস্তায়, হাই স্কুলে, হাসপাতালে ও নবনির্ম্মিত দেবমন্দিরে বৈদ্যুতিক আলো ও পাখার ব্যবস্থা হইয়াছে।

## প্রাচ্যে নারী ও শিশু বিক্রয়।

বিশ্ব রাষ্ট্রসঙ্ঘ প্রাচ্যে নারী ও শিশু বিক্রয়ের তদন্ত করিবার নিমিত্ত যে কমিটী নিয়োগ করিয়াছেন উক্ত কমিটী শীঘ্রই কলিকাতায় আসিবেন।

## সার চার্লস টেগার্ড পীড়িত।

সার চার্লস টেগার্ড পীড়িত হইয়া লণ্ডনে এক নার্শিং হোমে বাস করিতেছেন। তথায় বোম্বাইয়ের ডাক্তার কর্ণেল ষ্টিক তাঁহার উপর অস্ত্রোপচার করিয়াছেন।

## বিচিত্র বার্ত্তা।

ভেনিজুয়েলায় এক প্রকার গাছ আছে তাহার ছাল ছাড়াইলে দুগ্ধ বাহির হয়। পরীক্ষায় প্রমাণিত হইয়াছে ইহা গোদুগ্ধ অপেক্ষা বহুগুণে শ্রেষ্ঠ কারণ ইহার ভিতর সলফেট ও চিনির অংশ বেশী থাকে।

একটী সাধারণ পোষাক যাহা লণ্ডনে এখন ৪ পাউণ্ড দামে পাওয়া যায় তাহা নিউইয়র্কে দ্বিগুণ মূল্যে কিনিতে হয়, কিন্তু বিনামা এখানে লণ্ডনের অর্দ্ধেক মূল্যে বিক্রয় হয়।

সম্প্রতি ফাইণ্টেন পেনের ধরণে একপ্রকার বন্দুক বাহির হইয়াছে, ইহাতে tear-gas পূর্ণ কার্টিজ থাকে। বদ্‌মায়েস বা দস্যুর হাত হইতে রক্ষার জন্য এখন বিলাতে উহার খুব ব্যবহার চলিতেছে।

একজন আমেরিকান প্রসাধক চুলের জন্য এক প্রকার রং বাহির করিয়াছেন, ইহা সন্ধ্যায় প্রয়োগ করিলে রাত্রিতে প্লাটিনামের মত চুলের রং হয় এবং পরদিন দিনের আলোকে উহার কোন চিহ্ন থাকে না।

জ্ঞাত বা অজ্ঞাতসারে ফরাসীদের ১০ রকমের [illegible] দিতে হয়। কেহ একটী সিগারেট খাইলে, কে[illegible] ট্যাক্সিতে চাপিলে, সামান্য একটা নেকটাই কিনিলে, এমন কি ঘরের জানালা দরজা সার্সীর জন্যও ট্যাক্স দিতে হয়।

সেফিল্‌ডে তামা ও এলুমিনিয়াম সাহায্যে যে কৃত্রিম স্বর্ণ তৈয়ারী হইয়াছে তাহা খুব উৎকৃষ্ট হইয়াছে বলিয়া প্রমাণিত হইয়াছে। ইহাতে জল লাগিলে নষ্ট হয় না বা কোন দাগ বসে না এবং রাসায়নিক পরীক্ষায়ও বিবর্ণ হয় না।

## জুতা।

(শ্রীনরেন্দ্রনাথ ভট্টাচার্য্য-লিখিত।)

চর্ম্মকার গৃহে জন্ম আছি সকল ঘরে।  
জুতা বলে স্ত্রী পুরুষ সবাই আদর করে॥  
যত কিছু বেশ ভুষা আছে পৃথিবীতে।  
পারে না কেহই তারা মোরে টেক্কা দিতে॥  
যতই পোষাক পর জুতা হ'ল সার।  
জুতা না পরিলে পায়, হয় না বাহার॥  
জুতা মোজা আজকাল যার পায়ে থাকে।  
সকলে সম্মান করে "বাবু" বলে ডাকে॥

## ইউনিক এসিওরেন্স কোম্পানী লিঃ।

(হেড অফিস—১০নং ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা)

—•—

স্বর্গীয় দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ মহাশয়ের পৃষ্ঠপোষকতায় এই স্বদেশী প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত।

এই কোম্পানীতে জীবনবীমা করিয়া অধুনিক সর্ব্বপ্রকার চিত্তাকর্ষক সুযোগ ও সুবিধা ভোগ করুন।

এই কোম্পানীর প্রিমিয়ামের হার সর্ব্বনিম্ন।

রোগে বা আকস্মিক দুর্ঘটনায় বীমাকারী স্থায়ীভাবে উপার্জ্জনে অক্ষম হইলে আর প্রিমিয়াম না দিয়াও বীমাকারী বীমার সকল টাকা কিস্তিমত পাইয়া থাকেন।

এই কোম্পানীর বীমা বাতিল বা নষ্ট না হইয়া আপনি আপনি রক্ষিত হইতে পারে।

বাকীপড়া প্রিমিয়াম না দিয়াও বাতিল বীমার পুনঃ প্রবর্ত্তনের বিশেষ ব্যবস্থা আছে।

হাজার প্রতি পঞ্চাশ টাকা পঞ্চম বার্ষিক বোনাস কোম্পানীর বীমাকারীদিগকে দেওয়া হইয়াছে। সামনের (১৯৩২ সালের) হিসাব নিকাশের সময় ইহা অপেক্ষা বেশী বোনাস দিবার আশা করা যায়।

এজেণ্টদিগকে বংশপরম্পরায় কমিশন দেওয়া হয়।

বিস্তারিত বিবরণের জন্য সত্বর আবেদন করুন।

চীফ-এজেণ্টস্—

ইণ্ডো-ব্রিটিশ ট্রেডিং কোম্পানী
গোরাবাজার, বহরমপুর, মুর্শিদাবাদ।

---

# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

## শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম, এ, এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

কলিকাতা ব্রাঞ্চ — { শ্যামবাজার (ট্রাম ডিপোর উত্তর)
২১৩ বহুবাজার ষ্ট্রীট।

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধভাবে ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

### মকরধ্বজ (স্বর্ণ সিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত। নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

### বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা।

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন, প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

### শুক্র সঞ্জীবন—সের ১৬৲ টাকা।

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

### অবলাবান্ধব যোগ।

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় দুরারোগ্য স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

---

ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

---

মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

## সোনামুখী তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি
৸০ বার আনা।

## বাতের তৈল

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আউন্স শিশি ১।৵০ এক টাকা
পাঁচ আনা।।

---

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন বিশ্বাস কবিরত্ন
সোনামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)

---



যাক্

আজ থেকে জ্বর হবে না!

বিশ্বাস করে
## অমৃতাদি
ঃ কষায় ঃ
সেবন করুন।
আপনার বিশ্বাসে
ওষুধের গুণের
সাহায্যে
চমৎকৃত হবেন।

অমৃতাদি কষায়
সকল সম্ভ্রান্ত
ঔষধালয়ে
পাওয়া যায়।

## সি, কে, সেন

—এণ্ড কোং লিঃ—

২৯, কলুটোলা, কলিকাতা।

ভারতের সর্ব্বশ্রেষ্ঠ এবং বৃহত্তম বীমা কোম্পানী

## নিউ ইণ্ডিয়া এসিওরেন্স কোম্পানী লিমিটেডে

নিশ্চিন্ত মনে বীমা করুন এবং বীমা করিয়া ভবিষ্যতের জন্য নিশ্চিন্ত হউন।

এই কোম্পানী জীবনবীমা, অগ্নিবীমা, নৌবীমা, দুর্ঘটনাবীমা প্রভৃতি সকল প্রকার বীমার প্রস্তাব গ্রহণ করিয়া থাকে।

### জীবনবীমা বিভাগ

১৯২৯ সালে প্রবর্ত্তিত। এই বিভাগ প্রথম দুই বৎসরেই এক কোটি পঞ্চান্ন লক্ষ টাকার কাজ সংগ্রহ করিয়াছে এবং এক কোটি দশ লক্ষ টাকার পলিসি বিতরণ করিয়াছে। ভারতে ভারতীয় বা বিদেশীয় অপর কোন বীমা কোম্পানী কাজের সূত্রপাতেই এরূপ অসাধারণ সাফল্যের পরিচয় দিতে সমর্থ হয় নাই।

কলিকাতা অফিস—
১০০, ক্লাইভ ষ্ট্রীট
পোষ্ট বক্স ১১৩

যেখানেই যাও তুমি জুতাই সম্মান।
জুতা না পরিলে পায়, নাহি থাকে মান॥
জুতা বলে নানা অস্ত্র আছে পৃথিবীতে।
কিন্তু তারা নহে বড় কভু আমা হতে॥
অনেকে ঝগড়ার কালে উঠে বলে তেড়ে।
মারিয়া জুতার বাড়ী দিব বিষ ঝেড়ে॥
আমার মারের কাছে কোন মার নাই।
আমার কি গুণ তাহা জানেন গোঁসাই॥
একমাত্র দুঃখ মোর জানে তো সকলে।
আমাকে পরে না পায় বাপ-মা মলে॥
আর মোরে ত্যাগ করে সন্ন্যাসী সুজন।
বলি অপবিত্র জুতা না করে স্পর্শন॥
কিন্তু সবে দেখিয়াছ পূজার সময়।
কার্ত্তিক পরিয়া জুতা তবে পূজা পায়॥
তবে বুঝি দোষ নাই দেবতার বেলা।
শ্রীকৃষ্ণ করিলে দোষ বল লীলা-খেলা॥
লাথি, কিল, চড় মার সামান্য লাগিবে।
"জুতা মারি" যদি বল মরমে মরিবে॥
নানারূপে উপকার করি এ ধরায়।
কণ্টক ফুটে না কভু আমি যার পায়॥
জুতার মাহাত্ম্য আমি কি গাহিব আর।
কলির জগতে জুতা নব অবতার॥
জুতার মাহাত্ম্য-কথা শুনে যেই জন।
হয় না কখন তার অকাল মরণ॥

---


## বৈজ্ঞানিক রবার দ্রব্য

রবার কুশন (বেড-সোর বা শয্যাক্ষত নিবারক) — প্রত্যেকটী ৭৲
রবার গ্লোভস্ (অপারেশনে সার্জ্জেনের ব্যবহার্য্য) — জোড়া ৩৲
ফিঙ্গার ষ্টল্ (আঙ্গুলে পরিবার জন্য) — প্রত্যেকটী ।৵০
রবার ক্যাপ (গর্ভরোধক ও সংক্রামক রোগ নিবারক) — ডজন ৩৲
রবার পেশারী (স্ত্রী-ব্যবহার্য্য—বড়, মধ্যম, ছোট) — প্রত্যেকটী ২৲

পি, বি, সাপ্লাই এজেন্সী।
পোষ্ট বক্স নং ১১৪০৪ কলিকাতা।
বিস্তারিত মূল্য-তালিকার জন্য পত্র লিখুন।



## পণ্ডিত প্রেস।

ইউনিয়ন বোর্ডের আবশ্যকীয় সমস্ত রকম ফরম ও রেজিষ্টার উৎকৃষ্ট কাগজে ছাপা, মার্ব্বেল বোর্ড বাইণ্ডিং এবং বর্ডার দেওয়া সুন্দর লেবেলযুক্ত বহি প্রস্তুত আছে। এই সমস্ত ফরম ও রেজিষ্টার ব্যতীত আপনার আবশ্যক মত অন্যান্য ফরম ইংরাজী, বাংলা, দেবনাগরী ও উর্দ্দু পার্শী, আরবী ভাষায় জমিদারী সেরেস্তার চেক, দাখিলা, বিবাহের উপহার, স্কুল ও মাদ্রাসার প্রশ্নপত্র, পুস্তক প্রভৃতি অর্ডার অনুযায়ী ছাপাইয়া দিয়া থাকি। পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
শ্রীবিনয়কুমার পণ্ডিত।
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)



## সস্তায়

রবার ষ্ট্যাম্প, পীতলের শীল, চাপরাস, গালা মোহরের শীল পাওয়া যাইবে। অর্ডার দিবার সময় নাম ধাম স্পষ্ট করিয়া লিখিবেন। সেল্ফ্ ইঙ্কিং প্যাড, কালী ও টিপ-সহির সরঞ্জাম সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত আছে।

ম্যানেজার—পণ্ডিত প্রেস,
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।






ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কার-খানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।


প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।



# CHEVROLET MOTORS.



A Six at the Cost of a Four.

নব সাজে সজ্জিত ছয় সিলিণ্ডার সেভ্রোলেট কার এবং বাস উভয়েই দামে যেমন সস্তা, কার্য্যে তেমনই মজবুত।

টুরিং কার ২৫৯৫৲ সীডান ৩৩৭৫৲
১৮ জন প্যাসেঞ্জার বসিবার উপযুক্ত বাস ৩০২০৲
১০।১১ জনের মত বাস ২৩৭০৲

পুরাতন গাড়ীর পরিবর্ত্তে নূতন গাড়ী দিবার এবং বাকী টাকা মাসে মাসে কিস্তি করিয়া লওয়ার উত্তম ব্যবস্থা করা হইয়াছে।
আমাদের কারখানায় সর্ব্বপ্রকার গাড়ী সত্বর রং এবং মেরামত করা হয়, চার্জ অতি সুলভ।
সকল প্রকার পার্টস্, পেট্রল, টায়ার, টিউব সর্ব্বদা বিক্রয়ার্থে মজুত থাকে।
একবার পরীক্ষা প্রার্থনীয়।

এ, এল, মুখার্জ্জী এণ্ড ব্রাদার্স
সাব-ডিলার্স—খাগড়া; (মুর্শিদাবাদ।)



## কলোনিয়াল কুইনাইন কোম্পানীর
### "সি, কিউ, সি" কুইনাইন ট্যাবলেট

ভারতের একমাত্র দেশীয় কুইনাইন প্রস্তুতের কারখানা।
কাঁচা মাল, পরিশ্রম, মূলধন সমস্তই ভারতের নিজস্ব।
—বিস্তারিত বিবরণ ও দরের জন্য পত্র লিখুন—

সোল ডিষ্ট্রিবিউটার
বসাক ফ্যাক্টরী

৩নং ব্রজদুলাল ষ্ট্রীট,
কলিকাতা।

